গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর-২৪.০২.০০০০.০০১.১১.০১৭.২৩-৫২১

তারিখ: ২০ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন বস্ত্র অধিদপ্তর ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কার্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী ও অস্থায়ী শূণ্য পদের বিপরীতে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ (http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, জাতীয় বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১ | টেইলার মাস্টার ১১,০০০-২৬,৫৯০/- গ্রেড-১৩ | ০৬ (ছয়)টি স্থায়ী | কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে ড্রেস মেকিংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | গোপালগঞ্জ, টাংগাইল, জামালপুর, খাগড়াছড়ি, রাংগামাটি, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ২ | টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ৫৬ (ছাপ্পান্নো)টি (৩০টি স্থায়ী ও ২৬টি অস্থায়ী) | কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। | তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৩ | ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট ৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮ | ২৬ (ছাব্বিশ)টি (৮টি স্থায়ী ও ১৮টি অস্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগ হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। | নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, জামালপুর, খাগড়াছড়ি, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, বরিশাল, পটুয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৪ | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ৯৫ (পচাঁনব্বই)টি (২৪টি স্থায়ী ও ৭১টি অস্থায়ী) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| | মোট= | ১৮৩ (একশত তিরাশি)টি | | |

**শর্ত ও নিয়মাবলীঃ**

**০১। অন-লাইনে আবেদনপত্র পুরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ**

ক. আবেদন http://dotr.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ১৪/০৫/২০২৩ খ্রিঃ, সকাল ১০ টা।

ii. Online-এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ১৪/০৬/২০২৩ খ্রিঃ, বিকাল ৪ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে ৭২ ঘন্টার মধ্যে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS প্রেরণ করে এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ x প্রস্থ ৩০০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB ও ছবির সাইজ সর্বোচ্চ 100 KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

CamScanner

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পূর্ণ হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicatant's Copy পাবেন। উক্ত Applicatant's Copy প্রার্থী Print অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicatant's Copy তে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং এই User Id ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে সফলভাবে দাখিলকৃত আবেদনকারীগণকে আবেদনের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে ক্রমিক নম্বর- ১ হতে ২ এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ২০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ টাকাসহ (অফেরযোগ্য) সর্বমোট ২২৩/- (দুইশহ তেইশ টাকা) এবং ক্রমিক নম্বর- ৩ হতে ৪ এ বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ টাকাসহ (অফেরযোগ্য) সর্বমোট ১১২/- (একশত বারো টাকা) জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

প্রথম SMS: **DOTR**<space>**USER ID** and send to 16222 নম্বরে।
Example: **DOTR M27313** and send to 16222
**Reply:** Applicant's Name, TK-223/112 will be charged as application feee. Your PIN is 12345678. To pay fee Type DOTR<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: **DOTR**<space>**YES**<space>**PIN** and send to 16222
Example: DOTR YES 12345678 and send to 16222
**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for DOTR Application for (post name) User ID is (M27313) and password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dotr.teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে:**
**DOTR**<space>**Help**<space>**User**<space>**User ID** and send to 16222 নম্বরে।
Example: **DOTR Help User M27313** and send to 16222

ii. **PIN Number জানা থাকলে:**
**DOTR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** and send to 16222 নম্বরে।
Example: **DOTR Help PIN 12345678** and send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বস্ত্র অধিদপ্তরের www.dot.gov.bd ওয়েবসাইটে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dotr ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. Online-এ আবেদন এবং টাকা জমার প্রক্রিয়াটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

CS CamScanner

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd বা ddadmin@dot.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DOTR Post Name:*****, Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

২. এতিম ও শারিরীক প্রতিবন্ধী/বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের জন্য সরকারি সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।

৩. বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদনকারী সকল সাধারণ প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর। **(জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর,২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ২৫/০৩/২০২০ তারিখ আবেদনকারীর সর্বোচ্চ বয়স ৩০ বৎসর।)** বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৫. লিখিত ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান এসএমএস এর মাধ্যমে এবং বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং প্রবেশপত্র এসএমএস এ প্রদত্ত UserID এবং password ব্যবহার করে উল্লেখিত লিংক থেকে ডাউনলোড করতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৬. আবেদনকারীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি ০১ (এক) সেট জমা প্রদান করতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র।

খ) জাতীয় পরিচয়পত্র।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) আবেদনে উল্লেখিত কোটা প্রমাণের জন্য সকল কাগজপত্র (নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রসহ সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সকল কাগজপত্র ও সনদের (একসেট) ফটোকপি দাখিল করতে হবে।

৭. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৮. **কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারনবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ হবে। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।**

১০. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য, জাল কাগজপত্র প্রমানিত হলে যেকোনো পর্যায়ে প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩/০৬/২৩

দেওয়ান মোঃ আব্দুস সামাদ, এনডিসি (যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
আহবায়ক/সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

CS CamScanner